

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩৬৫

আগরতলা, ২৮ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা  
পূর নিগমের দক্ষিণ জোন ভিত্তিক বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা এবং প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে গতকাল আগরতলা পূর নিগমের দক্ষিণ জোন ভিত্তিক বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। হাঁপানিয়া জুটমিল মাঠে আয়োজিত শিবিরের উদ্বোধন করেন আগরতলা পূর নিগমের মেয়র দীপক মজুমদার। অনুষ্ঠানে তিনি বলেন, জনগণের কল্যাণের জন্য সমাজের অস্তিম ব্যক্তি পর্যন্ত সরকারি বিভিন্ন সুবিধা পৌছে দেওয়াই হল সরকারের মূল লক্ষ্য। সরকারের উদ্দেশ্য হচ্ছে সাধারণ জনগণের আর্থ সামাজিক উন্নয়নের পাশাপাশি রাজ্যের পরিকাঠামোগত উন্নয়নে দ্রুততা আনা। অনুষ্ঠানে বিধায়ক মীনা রানী সরকারও বিভিন্ন সরকারি প্রকল্প নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পূর নিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, দক্ষিণ জোনের চেয়ারম্যান অভিজিৎ মল্লিক, মেয়র পারিষদ বাস্তী দাস ও সম্পা সরকার, কর্পোরেট অলক রায়, কর্পোরেট প্রসেনজিৎ লোধ প্রমুখ। বিকাশ শিবিরে ৪৫ জনকে পি আর টি সি, ৩ জনকে ওবিসি, ৮ জনকে এসসি, ২২৫ জনকে আর ও আর, ২০ জনকে ম্যারেজ সার্টিফিকেট এবং ১৯ জনকে আয়ুষ্মান কার্ড দেওয়া হয়। এছাড়াও শিবিরে বিভিন্ন সরকারি সুবিধা প্রদানের লক্ষ্যে আবেদনপত্র জমা নেওয়া হয়।

\*\*\*\*\*